অনলাইন জুয়ার সেকেণ্ড ম্যান অনিক ও তার দুই সহযোগী আটক

অনলাইন জুয়ার বাংলাদেশের সেকেন্ড ম্যান মোস্তাক নাহিদ অনিককে
(২২) ও তার দুই সহযোগীকে আটক করেছে পুলিশ।

গত শনিবার দুপুরে রাজধানীর মিরপুর-২ এলাকার একটি ফ্ল্যাট থেকে অনিক ও হাসিবকে আটক করে মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশ (ডিবি) এবং মুজিবনগরের দারিয়াপুর থেকে রিমেট নামের একজনকে মুজিবনগর থানা পুলিশের একটি অভিযানিক দল।

আটকরা হলেন-অনলাইন জুয়ার দূর্গ খ্যাত মেহেরপুরের মুজিবনগর উপজেলার কোমরপুর গ্রামের অনলাইন জুয়ার অন্যতম হোতা মাদার আলীর ছেলে মোস্তাক নাহিদ অনিক (২২), কোমরপুর গ্রামের মোস্তাকিন আলীর ছেলে মেহেদী হাসিব (২২), দারিয়াপুর গ্রামের মনিরুল ইসলামের ছেলে মুশফিকুর রহমান রিমেট (২৩)। গতকাল রবিবার বিকালে তাদের সিনিয়র জুডিসিয়াল ম্যাজিষ্ট্রেট মুজিবনগরের আদালতে হাজির করা হলে হাসিব ও রিমেট ১৬৪ ধারায় জবানবন্দী প্রদান করে। আদালতের বিজ্ঞ বিচারক তাদের জবানবন্দী গ্রহণ করে কারাগারে পাঠানোর আদেশ দেন।

পুলিশ জানায়, গোপন সংবাদের ভিত্তিতে মেহেরপুর ডিবির এস আই আশরাফুল ইসলামের নেতৃত্বে রাজধানীর মিরপুর-২ এলাকার একটি আবাসিক ভবনে অভিযান চালায় পুলিশ। সেখানে অনিকের কাছে থেকে দুটি এবং হাসিবের কাছে থেকে একটি অনলাইন জুয়ার চ্যানেলসহ হাতেনাতে তাদের গ্রেফতার করা হয়। অনিকের কাছে দুটি অনলাইন চ্যানেলের মধ্যে একটি তার নামে এবং অপরটি তার পিতা মাদারের নামে রয়েছে। প্রতিটি চ্যানেলে গড়ে প্রতিদিন আয় হয় ৮০ থেকে ৯০ হাজার টাকা। পুলিশ আরো জানায়, মোস্তাক নাহিদ অনিক বাংলাদেশের অনলাইন জুয়া কার্যক্রমের সেকেণ্ড ম্যান হিসেবে সকল কর্মকাণ্ড পরিচালিত করে আসছিলো। অনিক ওয়ান এক বেট, মেল বেট ও লাইন বেটের সকল চ্যানেল নিয়ন্ত্রণ করেন। তার কাছে থেকে অনিক নাগাদ, লিনিয়া মাদার নামের দুটি মূল চ্যানেল, এবং হাসিবের কাছে থেকে সাজিব বিকাশ নামের একটি চ্যানেল সহ ব্যবহৃত মোবাইল ও সিম উদ্ধার করেছে।

বিশ^স্ত একটি সূত্রে জানা গেছে, প্রাথমিক জিজ্ঞাসাবাদ তারা জানিয়েছে মেহেরপুরের বিভিন্ন অঞ্চলে ২০টি চ্যানেল দেওয়া আছে।

যেগুলো সিম সরবরাহ করে তার অনিকের পিতা মাদার আলী। আর এগুলো সব নিয়ন্ত্রণ করে অনিক নিজে।

সূত্রে আরো জানা গেছে, রাশিয়া থেকে বাংলাদেশে অনলাইন জুয়ার পুরো কার্যক্রম নিয়ন্ত্রণ করে টম (ছদ্মনাম) নামের এক ব্যক্তি। অনিক বাংলাদেশের সেকেণ্ড ম্যান হিসেবে কার্যক্রম পরিচালনা করেন। অনিকের অনুমোদন ছাড়া কাউকে এ চ্যানেল দেওয়া হয় না। এর জন্য অনিক পেয়ে থাকেন চ্যানেলের ৮ শতাংশ এবং টম পান ১৫ শতাংশ। এভাবে মেহেপুরের দুই শতাধিক তরুণ ও বিভিন্ন বয়সের মানুষকে তারা অনলাইন জুয়ার সাথে জড়িয়েছে। যার অন্যতম দূর্গ মেহেরপুরের মুজিবনগর উপজেলার কোমরপুর। এখনো তাদের এসকল চ্যানেল পরিচালনা করছে সমরাজ, উজ্জল, সোহাগ খুড়া, জঙ্গল, লাল মিয়াসহ প্রায় ২০ জন এজেন্ট। এছাড়া বেশ কয়েকজন চ্যানেলের জন্য টাকা জমা দিলেও অনিকের কারণে তারা চ্যানেল পায়নি। যা থেকে অনিক ও টম কয়েক কোটি অবৈধ আয় করেছে।

স্থানীয়রা জানান, মাদার আলী সবসময় স্থানীয় ইউপি চেয়ারম্যান আমাম হোসেন মিলুর ছত্রছায়ায় থেকে এ ধরণের কর্মকাণ্ড পরিচালিত করে আসছে। যা বিভিন্ন সময় সোশ্যাল মিডিয়ায় দেখা গেছে। আগামীতে ইউনিয়ন আওয়ামী লীগের শীর্ষ পদ নেওয়ার চেষ্টাও করে চলেছেন বলে গুঞ্জন রয়েছে। তার বিরুদ্ধে অভিযোগ রয়েছে মেহেরপুর কয়েকজন সাংবাদিককে মাসোহারা দিয়ে ম্যানেজ করার অভিযোগও এক অনলাইন এজেন্টের স্বীকারোক্তীকে উঠে এসেছে। সদর উপজেলার পিরোজপুরে মাদার আলীর শশুরবাড়ি এলাকায় একজনকে চার বিঘা জমি নিয়ে চারটি চারটি চ্যানেল দিয়েছেন বলে অভিযোগ রয়েছে।

মেহেরপুরের অতিরিক্ত পুলিশ সুপার (সার্কেল) আজমল হোসেন বলেন, আটক আসামিদের মধ্যে অনিক অনলাইন জুয়ার কার্যক্রমে মেহেরপুরের শীর্ষ এবং দেশের সেকেণ্ড ম্যান। ফৌজদারী কার্যবিধির ১৬৪ ধারায় হাসিব ও রিমেট অনলাইন জুয়ার সাথে জড়িত থাকা কথা স্বীকার করেছে এবং তাঁরা অনিক ও তার পিতা মাদার আলীর চ্যানেল পরিচালনা করে বলে স্বীকারোক্ত দিয়েছে।
এদিকে, অনলাইন জুয়ার দূর্গে একের পর এক হানা দিয়ে ইতোমধ্যে প্রায় অনলাইন জুয়ার সাথে সংশ্লিষ্ট অর্ধশতাধিকজনকে আটক করে আইনের আওতায় নিয়ে এসেছে। মাদারের ছেলে অনিককে আটকের মধ্যে দিয়ে বড় ধরণের একটি সফলতার মাইল ফলক স্পর্শ করলো মেহেরপুর পুলিশ বিভাগ।

পেছনের কথা:

গত বছরের ২৫ সেমেপ্টম্বর মেহেরপুর প্রতিদিনে “অনলাইন জুয়ার অন্যতম চার হোতা, মুকুল-জামান-নুরুল-মাদার” শিরোনামে সংবাদ প্রকাশ হয়। প্রকাশিত সংবাদে মাদার আলীর তথ্য উঠে আসে। এনিয়ে মেহেরপুর প্রতিদিনের সম্পাদকসহ সংশ্লিষ্টদের হুমকি ধামকিও দেয় মাদার আলীর লোকজন।

প্রকাশিত ওই সংবাদে জানা যায়, ২০২০ সালে করোনাকালীন সময়ে মূলত কয়েকজন অনলাইন জুয়ায় জড়িয়ে পড়েন। তারা হলেন- কোমরপুর গ্রামের মুকুল ইসলাম, নুরুজ্জামান ওরফে জামান মাস্টার, নুরুল ইসলাম ওরফে লালন মাস্টার, মাদার আলী ওরফে মাদার মাস্টার এদের অন্যতম। তাদের মাধ্যমে ছড়িয়ে ছিটিয়ে পড়ে অনলাইন জুয়ার দূর্গ। তারাও হয়েছেন কোটিপতি। এদের রয়েছে প্রায় দু’ডজন এজেন্ট। যারা এই চারজনের চ্যানেল নিয়ে নিয়মিত অবৈধ ট্র্যানজেকশন করে চলেছেন।

মাদার আলী ওরফে মাদার মাস্টার। তিনি কোমরপুরের স্থায়ী বাসিন্দা হলেও সদর উপজেলার সাহেবপুর মাধ্যমিক বিদ্যালয়ের লাইব্রেরিয়ান হিসেবে কর্মরত। অথচ কোটি টাকা খরচ করে ২তলা বিশিষ্ট রাজপ্রাসাদ বানিয়েছেন তিনি।
বিভিন্ন সূত্রে জানা গেছে, ১০ থেকে ১২টি লাইনবেট সাইটের এজেন্ট তিনি। তিনি নিজেও এই লেনদেনের সাথে জড়িত এবং তার ছেলে অনিক ঢাকা থেকে তার এসকল লেনদেন করে থাকেন বলে অভিযোগ রয়েছে। ছেলে অনিক ঢাকায় বাসা ভাড়া করে অভিযাত জীবনযাপন করেন বলে জানা গেছে।

মাদার আলীকে কয়েক মাস আগে পুলিশ সুপারের কার্যালয়ে জিজ্ঞাসাবাদের জন্য নেওয়া হয়েছিলো বলে পুলিশের একটি সূত্র থেকে জানা গেছে। পুলিশ সুপারের নামে স্থানীয় অনলাইন এজেন্টদের কাছে টাকা তোলার অভিযোগও ছিলো তার বিরুদ্ধে। অথচ বর্তমান পুলিশ সুপার রাফিউল আলম, পিপিএম (সেবা), অনলাইন জুয়ার বিরুদ্ধে জিরো টলারেন্স ঘোষনা দিয়ে তাঁর বাহিনীকে মাঠে নামিয়েছেন। পুলিশের ওই টিমটি অনলাইন জুয়ার দূর্গে হানা দিয়ে একের পর এক সফল অভিযান বাস্তবায়ন করছে।

মেহেরপুরে ১০কোটি ৬০ লক্ষ টাকা ব্যায়ে ওয়াকওয়ে নির্মাণ কাজের শুভ উদ্ভোধন

মেহেরপুর ভৈরব নদ পুনঃখনন (২য় পর্যায়) এর আওতায় মেহেরপুর সদর উপজেলা ও মুজিবনগর উপজেলায় ১০কোটি ৬০ লক্ষ টাকা ব্যায়ে ১৬.৮ কিলোমিটার ওয়াকওয়ে নির্মাণ কাজের শুভ উদ্ভোধন করা হয়েছে ।

রবিবার বিকাল ৫টার সময় কুলবাড়ীয়া ব্রীজের নিচে মেহেরপুর জেলা আওয়ামীলীগের সভাপতি ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী অধ্যাপক ফরহাদ হোসেন এমপি প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে ফিতা কেটে নির্মাণ কাজের শুভ উদ্ভোধন করেন।

মেহেরপুর পানি উন্নয়ন বিভাগের আয়োজনে ও জেলা প্রশাসক ড. মুহাম্মদ মুনসুর আলম খানের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন পুলিশ সুপার রাফিউল আলম, জেলা পরিষদের চেয়ারম্যান অ্যাড আব্দুস সালাম, মেহেরপুর পানি উন্নয়ন বিভাগের নির্বাহী প্রকৌশলী আরিফ আহমেদ, জেলা আওয়ামীলীগের যুগ্ম- সাধারন সম্পাদক অ্যাড ইব্রাহিম শাহিন, কুতুবপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সেলিম রেজা, জেলা পরিষদ সদস্য ইমতিয়াজ হোসেন মিরন, কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ মিজানুর রহমান রানা,শ্যামপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মতিউর রহমান মতিন।

অনুষ্ঠানটি পরিচালনা করেন ঠিকাদার মোঃ রাহিনুরজামান পলেন ।

চুয়াডাঙ্গা জেলা আইন-শৃঙ্খলা কমিটির মাসিক সভা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা জেলা আইন- শৃঙ্খলা কমিটির মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে। চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের কার্যালয়ের সম্মেলন কক্ষে রবিবার

সকাল সাড়ে দশটার সময় চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খানের সভাপতিত্বে জেলা আইন-শৃঙ্খলা কমিটির মাসিক সভা অনুষ্ঠিত হয়।

জেলা আইন-শৃঙ্খলা কমিটির সভায় সম্পত্তি সংক্রান্ত অপরাধ নিয়ন্ত্রণ, সন্ত্রাস ও নাশকতামূলক কার্যক্রম পর্যালোচনা, মাদকদ্রব্য ও চোরাচালান নিরোধ, অনিষ্পন্ন চোরাচালান মামলার নিষ্পত্তি ত্বরান্বিতকরণ, সড়ক দুর্ঘটনা নিয়ন্ত্রণ, মানব পাচার প্রতিরোধ, শিক্ষা প্রতিষ্ঠানের শৃঙ্খলা, সড়কের শৃঙ্খলা, ফুটপাত হকারমুক্ত ও দখলমুক্ত ইত্যাদি বিষয়ের উপর বিস্তারিত আলোচনা হয়।

উক্ত আলোচনা সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা পুলিশ সুপার আব্দুল্লাহ্ আল-মামুন, চুয়াডাঙ্গা সিভিল সার্জন সাজ্জাৎ হোসেন, চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) নাজমুল হামিদ রেজা, চুয়াডাঙ্গা জেলা পরিষদের চেয়ারম্যান মাহফুজুর রহমান মনজু, চুয়াডাঙ্গা পৌর মেয়র জাহাঙ্গীর আলম মালিক, চুয়াডাঙ্গা জেলা শিক্ষা অফিসার আতাউর রহমান, চুয়াডাঙ্গা জজ কোর্টের পিপি এ্যাডভোকেট বেল্লাল হোসেন, চুয়াডাঙ্গা, আলমডাঙ্গা, জীবননগর ও দামুড়হুদা উপজেলার নির্বাহী অফিসার বৃন্দ।

উক্ত সভায় আরোও উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তাবৃন্দ, বীর মুক্তিযোদ্ধা, জনপ্রতিনিধিবৃন্দ, সুশীল সমাজের নেতৃবৃন্দ, মিডিয়া ব্যক্তিবর্গ।

চুয়াডাঙ্গা জেলা পুলিশের সাপ্তাহিক মাস্টার প্যারেড অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা পুলিশ লাইন্স প্যারেড গ্রাউন্ডে রবিবার জেলায় বিভিন্ন ইউনিট ইনচার্জ ও অফিসার ফোর্সদের অংশগ্রহণে সাপ্তাহিক মাস্টার প্যারেড অনুষ্ঠিত হয়েছে।

চুয়াডাঙ্গা পুলিশ সুপার আব্দুল্লাহ্ আল-মামুন অভিবাদন মঞ্চ থেকে সালামি গ্রহণ শেষে প্যারেড পরিদর্শন করেন।

প্যারেড অধিনায়কের দায়িত্ব পালন করেন অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) মোঃ আবু তারেক। এ সময় পুলিশ সুপার প্যারেডে অংশগ্রহণকারী অফিসার ফোর্সদের শারীরিক ফিটনেস ও টার্ন আউটের উপর ভিত্তি করে জিএস (গুড সার্ভিস) মার্ক প্রদান করেন। পুলিশ সুপার প্যারেড পরিদর্শনান্তে সন্তুষ্টি প্রকাশ করেন এবং জেলা পুলিশের সকল সদস্যের উদ্দেশ্যে আইজিপি, রেঞ্জ ডিআইজি প্রদত্ত নির্দেশনার আলোকে বক্তব্য প্রদান করেন।

উক্ত সাপ্তাহিক মাস্টার প্যারেডে আরো উপস্থিত ছিলেন,অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) আনিসুজ্জামান,ডিআইও-(১),সকল অফিসার ইনচার্জগণ, কোর্ট পুলিশ পরিদর্শক, টিআই (পশাসন), আরআই, পুলিশ লাইন্সসহ চুয়াডাঙ্গা জেলার সকল থানা, ফাঁড়ি, তদন্তকেন্দ্র ও পুলিশ ক্যাম্পের অফিসার ও ফোর্সবৃন্দ।

কুষ্টিয়ায় সনাক ও ইয়েস গ্রুপের সমন্বয় সভা অনুষ্ঠিত

জাগ্রত বিবেক, দূর্জয় তারুণ্য-দূর্নীতি রুখবেই স্লোগানে কুষ্টিয়ায় সনাক ও ইয়েস গ্রুপের সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে। রবিবার দুপুরে জগতি চিনিকল এমডির বাংলোয় এ সমন্বয় সভা অনুষ্ঠিত হয়।

সভায় বক্তব্য রাখেন, সচেতন নাগরিক কমিটি (সনাক) কুষ্টিয়ার সভাপতি আলহাজ্ব রফিকুল আলম টুকু, সহসভাপতি আসমা আনসারী মিরু, মিজানুর রহমান লাকী, ইয়েস গ্রুপের আহবায়ক এবং সনাক সদস্য তারিকুল হক তারিক, টিআইবির এরিয়া ম্যানেজার মো: রায়হানুল ইসলাম।

সচেতন নাগরিক কমিটি (সনাক) কুষ্টিয়ার সভাপতি আলহাজ্ব রফিকুল আলম টুকু বলেন, কুষ্টিয়ায় সনাক গঠনের পর থেকে আমরা কুষ্টিয়ায় দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন পরিচালনা করে যাচ্ছি। এই

আন্দোলনে সনাকের পাশাপাশি ইয়েস ও এসিজি সদস্যরা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। এই সমন্বয় সভা সদস্যদের দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলনে সক্রিয় করতে ভূমিকা পালন করবে বলেও মত দেন তিনি। পাশাপাশি তিনি আরও বলেন, সনাকের লক্ষ্য হলো দুর্নীতির বিরুদ্ধে জনগণকে সচেতন করা এবং দুর্নীতি-অনিয়মের বিরুদ্ধে তথ্য সংগ্রহ তা সমাধানের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে উদ্বুদ্ধ করা। তিনি সনাক পরিবারের সাথে এসিজি সদস্যদের সম্পৃক্ত হওয়ার জন্য তাদের ধন্যবাদ জানান।

সচেতন নাগরিক কমিটি (সনাক) কুষ্টিয়ার আয়োজিত এ সভায় সনাক ও ইয়েস গ্রুপের সদস্যরা উপস্থিত ছিলেন।

পরে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান শেষে মধ্যহ্নভোজের মধ্য দিয়ে শেষ হয়ে এ অনুষ্ঠান।

কুষ্টিয়ায় বিসিক’র উদ্যোগে উদ্যোক্তা উন্নয়ন প্রশিক্ষণ কোর্সের উদ্বোধন

কুষ্টিয়ায় বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক)’র উদ্যোগে ৫ দিনব্যাপী উদ্যোক্তা উন্নয়ন প্রশিক্ষণ কোর্সের উদ্বোধন করা হয়েছে।

রবিবার সকালে বিসিক কুষ্টিয়া কার্যালয়ে এই প্রশিক্ষণ কোর্সের উদ্বোধন করা হয়।

কুষ্টিয়া বিসিক’র উপ-মহাব্যবস্থাপক (ভারপ্রাপ্ত) আশানুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এ প্রশিক্ষণের উদ্বোধন করেন।

বিসিক কুষ্টিয়ার সম্প্রসারণ কর্মকর্তা শাপলা সুলতানার সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন উদ্যোক্তা এসএম জামাল, মামুন অর রশীদ (মধু মামুন), নেক্সটওয়ে ডটকমের সিইও এবং চেয়ারম্যান আলিমুল ইসলাম।

বক্তারা বলেন, প্রত্যেক মানুষের কিছু গুণ থাকে। সফল উদ্যোক্তার প্রধান গুণ হচ্ছে আত্মবিশ্বাস। যার আত্মবিশ্বাস যত বেশি তার সাফল্য তত বেশি। যদিও এটি অর্জন করা কঠিন। ব্যবসা শুরু করতে গেলে প্রথমেই মনে রাখবেন আপনাকে ব্যবসায় ঝুঁকি গ্রহণের মন-মানসিকতা থাকতে হবে।

বক্তারা আরও বলেন, সফল ব্যবসায়ী এবং উদ্যোক্তারা কখনও কাজ সম্পূর্ণ করতে অলসতা করেন না। তাদের হাতে যখন কোনো কাজ থাকে, তখন তারা দিন-রাত তাদের সম্পূর্ণ শ্রম এবং মেধা দিয়ে কাজটি পরিপূর্ণ করে থাকেন। ব্যবসা শুরুর আগে মনে রাখতে হবে, ব্যবসা করতে গেলে ঝুঁকি থাকবে। আর এ ঝুঁকি থাকার মন-মানসিকতা থাকতে হবে। এজন্য শিল্প উদ্যোক্তা হতে হলে প্রশিক্ষণের বিকল্প নেই বলেও উল্লেখ করেন বক্তারা।
প্রসঙ্গত, ৫ দিনব্যাপী এই প্রশিক্ষণ কোর্স ১২ ফেব্রুয়ারী থেকে ১৬ ফেব্রুয়ারী তারিখ পর্যন্ত চলবে।

আলমডাঙ্গার তিয়রবিলায় নগত টাকাসহ ৪ জুয়াড়ি আটক

আলমডাঙ্গার তিয়রবিলা ক্যাম্প পুলিশের অভিযানে ৪ জুয়াড়িকে আটক করেছে। রবিবার (১২ ফেব্রুয়ারি) সন্ধা সাড়ে ৬ টার দিকে উপজলোর তিয়রবিলা কুটিপাড়ার কলাবাগান থেকে তাদের আটক করা হয়। এ সময় নগদ ৩ হাজার ২২০ টাকাসহ জুয়ার বিভিন্ন সরঞ্জাম জব্দ করা হয়।

আকটরা হলেন- সুজন (২৬), আনোয়ার (৪৫), দুলু (৪৫), হাসিবুল (২৬) । তাদের বাড়ি উপজেলা খাসকররা ইউনিয়নের তিয়রবিলা গ্রামে।

জুয়া আইনে মামলা দায়েরর পর সোমবার তাদের আদালতে পাঠানো হবে বলে জানায় পুলিশ।

আলমডাঙ্গা থানার পুলিশ পরিদর্শক ওসি মো. সাইফুল ইসলাম বলেন, গোপন সংবাদের ভিত্তিতে পুলিশের একটি দল খাসকররা ইউনিয়নের তিয়রবিলা এলাকায় অভিযান চালায়। এ সময় জুয়া খেলা অবস্থায় জুয়ার

বোর্ড থেকে ৪ জুয়াড়িকে আটক করা হয়। আজ তাদের আদালতে পাঠানো হবে।

কার্পাসডাঙ্গা এজেন্ট আউটলেট হিসেবে নিয়োগ পেলো অক্সফোর্ড সৌর বিদ্যুতায়ন প্রকল্প

অক্সফোর্ড সোলার টেকনোলজি কোম্পানি লিমিটেডের অঙ্গ প্রতিষ্ঠান অক্সফোর্ড সৌর বিদ্যুতায়ন প্রকল্প এর নামে সোনালী ব্যাংক এজেন্ট ব্যাংকিং এর অনুমোদন দিয়েছে ব্যাংকটির ব্যাবস্থাপনা পরিচালক।

রবিবার দুপুরে সোনালী ব্যাংকের হেড অফিসে এক অনুষ্ঠানে অনুমোদন পত্র দেওয়া হয়।

তুলে দেওয়া হয় অক্সফোর্ড সৌর বিদ্যুতায়ন প্রকল্পের পরিচালক এর হাতে সোনালী ব্যাংক কার্পাসডাঙ্গা। আউটলেট শাখা অনুমোদন পত্র দেওয়ার সময় উপস্থিত ছিলেন সোনালী ব্যাংকের এজেন্ট ব্যাংকিং এর পরিচালক খলিলুর রহমান। কার্পাসডাঙ্গা সাহিত্য পরিষদের সভাপতি ও বিশিষ্ট সমাজসেবক রবিউল হোসেন শুকলাল।

আরো উপস্থিত ছিলেন আহসান হাবিব মুয়াজ এবং আবু হাসান, সোনালী ব্যাংক লিমিটেডের উর্ধ্বতন কর্মকর্তারা সহ অক্সফোর্ড সোলার টেকনোলজি কোম্পানি লিমিটেড ও শাপলা টিভি বাংলার চেয়ারম্যান মুফতি বনি ইয়ামিন। উপস্থিত ছিলেন অক্সফোর্ড সোলার টেকনোলজি কোম্পানি লিমিটেডের সিইও ও অক্সফোর্ড সৌর বিদ্যুতায়ন প্রকল্পর ব্যাবস্থাপনা পরিচালক মোছাঃ শাহানাজ পারভিন।

সোনালী ব্যাংকের অনুমোদন পাওয়ার পর অক্সফোর্ড সোলার টেকনোলজি কোম্পানি লিমিটেড এর ব্যবস্থাপনা পরিচালক জানান

সোনালী ব্যাংকের মাধ্যমে সকল ব্যাংকিং সেবা দেওয়া হবে। গ্রাহকরা খুব সহজ ও নিরাপদের সাথে লেনদেন করতে পারবেন। সরকারি বেসরকারি সকল সেবা পাওয়া যাবে সোনালী ব্যাংক এজেন্ট আউটলেট কার্পাসডাঙ্গা থেকে।

মুজিবনগরে আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর প্রীতিভোজ অনুষ্ঠিত

“শান্তি শৃঙ্খলা উন্নয়ন নিরাপত্তায় সর্বত্র আমরা” ৪৩ তম জাতীয় সমাবেশ উপলক্ষে সারাদেশের ন্যায় মুজিবনগরে আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর আয়োজনে অনুষ্ঠিত হয়েছে প্রীতিভোজ (বড়খানা)।

এ উপলক্ষে রবিবার সকালে মুজিবনগর আনসার ক্যাম্প (উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন) প্রীতিভোজ (বড়খানা) এর আয়োজন করে।

মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস এ প্রীতিভোজ (বড়খানা) অনুষ্ঠানের উদ্বোধন করেন।

এ সময় ক্যাম্পের দায়িত্বপ্রাপ্ত পিসি রেজাউল হক, আনসার সদস্য জিল্লুর রহমান, মাহামুদ, মোতাচ্ছেন, হুমায়ন আহম্মেদ, হিরামন মল্লিক, মিয়ারুল, শরিফুল, মুক্তার, রাফিদুল এই প্রীতিভোজ (বড়খানা) অনুষ্ঠান পালন করেন।

উল্যেখ্য, ৪৩ তম জাতীয় সমাবেশ উপলক্ষে আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর মহাপরিচালক মেজর জেনারেল একেএম আমিনুল হকের উদ্যেগে গাজিপুর শফিপুরে আনসার ভিডিপি একাডেমিতে অনুষ্ঠিত এক সমাবেশে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা আনুষ্ঠানিক একযোগে সকল জেলা উপজেলায় প্রীতিভোজ (বড়খানা) অনুষ্ঠানে উদ্বোধন করেন।

জীবনের লক্ষ্য স্থির করে সামনের দিকে এগিয়ে যেতে হবে,সফলতা আসবেই সংসদ সদস্য চঞ্চল

জীবনের লক্ষ্য স্থির করে, সামনের দিকে এগিয়ে যেতে হবে একদিন সফলতা আসবেই। রবিবার কোটচাঁদপুর বালিকা বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতিকে সংবধনা ও নতুন ভবন উদ্ভোধন অনুষ্ঠানে বিদ্যালয়ের ছাত্রীদের উদ্যেশে এ কথা বলেন, ঝিনাইদহ ৩ আসনের সংসদ সদস্য এ্যাডঃ শফিকুল আজম খান চঞ্চল।

প্রধান শিক্ষক ইছাহক আলীর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা পরিষদের ভাইসচেয়ারম্যান রিয়াজ হোসেন ফারুক ,উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা অশোক সরকার,কোটচাঁদপুর আওয়ামীলীগের সহ-সভাপতি ফারজেল হোসেন মন্ডল, সিনিয়ার সহ-সভাপতি নূরুল ইসলাম খান বাবলু, সহ সভাপতি মোঃ লুৎফর রহমান,বীর মুক্তিযোদ্ধা ও সাবেক কমান্ডার তাজুল ইসলাম, ,বীর মুক্তিযোদ্ধা ওসমা গণি, বিদ্যালয়ের অভিভাবক সদস্য মোমেন আল আরাফাত,মঈদ উদ্দিন খান,মফিজুর রহমান, সাইফুর রহমান, রিপনা খাতুন,রবিউল ইসলাম,আবু রাসেল,নাসরিন আক্তার।

এর আগে তিনি বিদ্যালয়ের নবীন ছাত্রীদের ফুল দিয়ে বরন করে নেন। ।

এ সময় তিনি ওই বিদ্যালয়ের নতুন ভবনের উদ্ভোধন করেন। অনুষ্ঠান শেষে বিদ্যালয়ের ছাত্রীদের সাংস্কৃতিক অনুষ্ঠান ও বার্ষিক ক্রীড়া প্রতিযোগীতায় বিজয়িদের হাতে পুরস্কার তুলে দেন ।